



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং - ২৬

১২ শ্রাবণ ১৪৩০

তারিখ: -----

২৭ জুলাই ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর পরিচালনা ও ব্যবস্থাপনায় শৃঙ্খলা নিশ্চিতকরণকল্পে কতিপয় বিধিনিষেধ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং ১৫ তারিখ ১১ মে ২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং ২০ তারিখ ০১ জুন ২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। সূত্রে বর্ণিত সার্কুলার লেটারের ২.১ অনুচ্ছেদে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয় যে, ব্যাংক-কোম্পানীর পর্যদের চেয়ারম্যান বা পর্যদের সহায়ক কমিটির চেয়ারম্যান হিসেবে নিযুক্ত ব্যক্তি উক্ত ব্যাংক-কোম্পানীর সাবসিডিয়ারি কোম্পানী বা ব্যাংক কোম্পানীর অর্থায়নে গঠিত ও পরিচালিত কোনো কোম্পানী/প্রতিষ্ঠান বা ফাউন্ডেশন এর পরিচালনা পর্যদ বা গভর্নিং বডি, যে নামেই অভিহিত হোক না কেন, এর চেয়ারম্যান/পরিচালক/সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন না, এবং সংশ্লিষ্ট পদে উক্তরূপ ব্যক্তি আসীন থাকলে তাঁকে/তাদেরকে উক্ত পদ হতে পদত্যাগ/অব্যাহতি গ্রহণের মাধ্যমে পদটি শূন্য করার জন্য ৩০ জুন ২০২৩ পর্যন্ত সময় নির্ধারণ করা হয়েছিল।
- ০৩। এক্ষণে, ব্যাংকসমূহ হতে এ মর্মে অবহিত হওয়া গিয়েছে যে, বাংলাদেশের বাহিরে ব্যাংকের এক্সচেঞ্জ হাউজ/মানি ট্রান্সফার অপারেটর/ফাইন্যান্স কোম্পানী হিসেবে স্থাপিত সাবসিডিয়ারি কোম্পানীসমূহ পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক আরোপিত নীতিমালা/বিধিনিষেধ অনুসরণীয় হয়ে থাকে। এ মুহূর্তে বহিঃবিশ্বে যুদ্ধাবস্থা চলমান থাকায় রেমিট্যান্স আহরণসহ বিদেশে কার্যরত এক্সচেঞ্জ হাউজ/মানি ট্রান্সফার অপারেটর/ফাইন্যান্স কোম্পানী পরিচালনা করার ক্ষেত্রে পূর্বের চেয়ে অনেক বেশি চ্যালেঞ্জের সম্মুখীন হতে হচ্ছে। এ কারণে পরিচালনা সংক্রান্ত ঝুঁকি মোকাবেলায় যথাযথ অভিজ্ঞতা ও দক্ষতার ঘাটতির কারণে বিদেশস্থ সাবসিডিয়ারি কোম্পানীসমূহের পরিচালনা অত্যন্ত ঝুঁকিপূর্ণ/চ্যালেঞ্জিং হতে পারে; যা ব্যাংকের আর্থিক ক্ষতির সম্ভাবনা সৃষ্টির কারণ হতে পারে এবং সংশ্লিষ্ট ব্যাংকের ভাবমূর্তির উপর নেতিবাচক প্রভাব পড়তে পারে মর্মেও জানা গিয়েছে। এতদ্ব্যতীত, ব্যাংক-কোম্পানীর অর্থায়নে গঠিত ও পরিচালিত ফাউন্ডেশনের জন্য বরাদ্ধকৃত অর্থের সদ্যবহারের লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠান পরিচালনায় সূষ্ঠা পরিকল্পনা প্রয়োজন; যা সংশ্লিষ্ট ব্যাংকের আয়-ব্যয়, লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া আবশ্যিক।
- ০৪। বর্ণিত বিষয়াবলী বিবেচনায়, বাংলাদেশের বাহিরে স্থাপিত ব্যাংকের এক্সচেঞ্জ হাউজ/মানি ট্রান্সফার অপারেটর/ফাইন্যান্স কোম্পানীর সূষ্ঠা পরিচালনা ও ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশের বাহিরে ব্যাংকের সাবসিডিয়ারি হিসেবে পরিচালিত উক্তরূপ প্রতিষ্ঠান/কোম্পানী এবং ব্যাংকের অর্থায়নে গঠিত ও পরিচালিত ফাউন্ডেশনের পরিচালনা পর্যদ/গভর্নিং বডি, যে নামেই অভিহিত হোক না কেন, এর ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার লেটার নং ১৫/২০২২ এর ২.১ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে না। তবে অন্যান্য সাবসিডিয়ারি প্রতিষ্ঠানের চেয়ারম্যান/পরিচালক/সদস্য হিসেবে অন্তর্ভুক্তির ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার লেটার নং ১৫/২০২২ এর নির্দেশনা পরিপালনীয় হবে।
- ০৫। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার লেটার নং ১৫/২০২২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ০৬। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)

পরিচালক (বিআরপিডি)

ফোন-৯৫৩০০৯৫